

# আশ্বিন মাসে কৃষক ভাইদের করণীয়

ঋতুর পরিক্রমায় বর্ষার শেষে আনন্দের বার্তা নিয়ে শরৎ এসেছে। কাশফুলের স্তম্ভতা, দিগন্ত জোড়া সবুজ আর সুশীল আকাশে ভেসে বেড়ানো চিলতে সাদা মেঘ আমাদের স্তম্ভ শরতের কথা শ্রবণ করিয়ে দেয়। বন্যায় কয়কতি পৃথিবে নিতে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা "পেশে খাদ্য উৎপাদনের ধারাবাহিকতা অব্যাহত রাখা এবং উৎপাদন বৃদ্ধি" মোতাবেক আসন্ন রবি মৌসুমে আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে উদ্যোগ নিতে হবে। এ প্রেক্ষিতে আসন্ন সংকেপে জেনে নেই আশ্বিন মাসের নৃবতের কৃষি জীবনের করণীয় বিষয়গুলো।

## আমন ধান

- আমন ধানের চারা রোপনের পর সাত ভেদে ২টি ভোজে ইউরিয়ার উপরি প্রয়োগ করতে হবে।
- সার প্রয়োগের আগে জমির আগাছা পরিষ্কার করে নিতে হবে এবং জমিতে ছিপছিপে পানি রাখতে হবে।
- এ সময় বৃষ্টির অভাবে খরা দেখা দিতে পারে। সে জন্য সম্পূর্ণ সচেতন ব্যবস্থা করতে হবে। ফিটা পাইপের মাধ্যমে সম্পূর্ণ সোচ দিলে পানির অপচয় অনেক কম হয়।
- নিচু এলাকায় আশ্বিন মাসের প্রথম সত্ত্বাহ পর্যন্ত স্থানীয় উন্নত জাতের বিআর- ২২, বিআর-২৩, নাইজারশাইল, কিনাশাইল, ত্রি ধান- ৪৬ ধানের চারা রোপন করতে পারেন। এ ক্ষেত্রে প্রতি তহিতে ৫-৭টি চারা দিয়ে ঘন করে রোপন করতে হবে।
- শিখ কাটা লেনা পোকা ধানের জমি আক্রমণ করতে পারে। প্রতি কামিটার আমন ধানের জমিতে ২-৫টি লেনা পোকাকার উপস্থিতি মারাত্মক ক্ষতির পূর্বাভাস। তাই সতর্ক থেকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
- এ সময় মাজরা, পামরি, চুসী, গলমাছি পোকাকার আক্রমণ হতে পারে। একেত্রে নিয়মিত জমি পরিদর্শন করে, জমিতে খুটি দিয়ে, আলোর ফাঁদ পেতে, হাতজাল দিয়ে পোকা নিয়ন্ত্রণ করতে হবে।
- খোলপড়া, পাতায় দাগ পড়া রোগ দেখা দিতে পারে। তাছাড়া সঠিক বালাইনাশক সঠিক মাত্রায়, সঠিক নিয়মে, সঠিক সময় শেষ কৌশল হিসাবে ব্যবহার করতে হবে।

## বিনা চাষে ফসল আবাদ

- মাঠ থেকে বন্যার পানি নেমে গেলে উপযুক্ত ব্যবস্থাপনায় বিনা চাষে অনেক ফসল আবাদ করা যায়।
- ভুট্টা, গম, আলু, সরিষা, মাসকলাই বা অন্যান্য ভাল ফসল, লালশাক, পালশাক, ডাটাশাক বিনা চাষে লাভজনকভাবে অনায়াসে আবাদ করা যায়।
- যেসব জমিতে উফসী বোরো ধানের চাষ করা হয় সেসব জমিতে শল্প মেয়াদী বারি-১৪, বারি-১৫, বারি-১৭ এবং বিনা-৯, বিনা-১০ জাতের সরিষা চাষের প্রস্তুতি নিতে হবে।

## শাক-সবজি

- আগাম শীতের সবজি উৎপাদনের জন্য উঁচু জায়গা কুপিয়ে পরিমাণ মত জৈব ও রাসায়নিক সার প্রয়োগ করে মূল্যশাক, লালশাক, চীনাশাক, সরিষাশাক ইত্যাদি অনায়াসে চাষ করা যায়।
- সবজির মধ্যে ফুলকপি, বাঁধাকপি, ওলকপি, শালগম, টমেটো, বেগুন, ব্রকলি বা সবুজ ফুলকপিসহ অন্যান্য শীতকালীন সবজির চারা তৈরি করে মূল জমিতে বিশেষ যত্নে আবাদ করা যায়।
- মাদায় মিষ্টি কুমড়া ও লাউয়ের বীজ বপন করুন।
- শীতকালীন আগাম (লাউ, শিম, বাঁধাকপি, বেগুন, টমেটো) সবজি বেডের পরিচর্যা করুন।

## কলা

- অন্যান্য সময়ের থেকে আশ্বিন মাসে কলার চারা রোপণ করা সবচেয়ে বেশি লাভজনক। এতে ১০-১১ মাসে কলার ছড়া কাটা যায়।
- ভাল উৎস বা বিশ্বস্ত চাষি ভাইয়ের কাছ থেকে কলার অসি চারা সংগ্রহ করে রোপণ করতে হবে।
- কলা বাগানে সাধি ফসল হিসেবে আলু, মিষ্টিকুমড়া, লালশাক, টমেটো, বেগুন, পেঁয়াজ চাষ করা যায়।
- নাবীপাট বীজ উৎপাদন: গাছ থেকে গাছের দূরত্ব সমান রোখ অতিরিক্ত গাছ তুলে পাতলা করে দিতে হবে। ১৫-২০ দিনে ২য় কিস্তির ইউরিয়া সার প্রয়োগ করতে হবে।

## গাছপালা

- বর্ষায় রোপণ করা চারা কোনো কারণে মরে গেলে সেখানে নতুন চারা রোপণের উদ্যোগ নিতে হবে।
- রোপণ করা চারার যত্ন নিতে হবে এখন। যেমন- বড় হয়ে যাওয়া চারার সঙ্গে বাঁধা খুঁটি সরিয়ে দিতে হবে এবং চারার চারদিকের বেড়া প্রয়োজনে সরিয়ে বড় করে দিতে হবে। মরা বা রোগাক্রান্ত ভালপালা হেঁটে দিতে হবে।
- চারা গাছসহ অন্যান্য গাছে সার প্রয়োগের উপযুক্ত সময় এখন।
- গাছের গোড়ার মাটি ভালো করে কুপিয়ে সার প্রয়োগ করতে হবে। দুপুর বেলা গাছের ছায়া যতটুকু স্থানে পড়ে ঠিক ততটুকু স্থান কোপাতে হবে। পরে কোপানো স্থানে জৈব ও রাসায়নিক সার ভালো করে মিশিয়ে দিতে হবে।

তাছাড়া কৃষির যে কোন সমস্যায় উপজেলা কৃষি অফিস অথবা কৃষি কল সেন্টারের ১৬১২৩ নম্বরে বা কৃষক বন্ধু সেবার ৩৩৩১ নম্বরে কল করে বিশেষজ্ঞদের পরামর্শ নিতে পারেন।